গব্বরে মজে গাভাসকার

আহমেদাবাদ, ৩ মে : ৮ ম্যাচে তিনটি অর্ধশতরান সহ ৩৮০ রান। কমলা টুপির বর্তমান মালিক। চলতি আইপিএলে দুর্দান্ত ছন্দে রয়েছেন দিল্লি ক্যাপিটালসের শিখর ধাওয়ান। তিনটি হাফসেঞ্চুরির শেষেরটি এসেছে রবিবার পাঞ্জাব কিংসের বিরুদ্ধে। গব্বরের ৪৭ বলে ৬৯ রানের অপরাজিত ইনিংসের সুবাদে পাঞ্জাবকে ৭ উইকেটে উড়িয়ে লিগ টেবিলের শীর্ষে উঠে এসেছে রাজধানী এক্সপ্রেস। আর স্বপ্নের ফর্মে থাকা ধাওয়ানকে প্রশংসায় ভাসিয়ে দিলেন প্রাক্তন কিংবদন্তি সুনীল গাভাসকার।

রবিবার পৃথ্বী শ (৩৯), স্টিভেন স্মিথরা (২৪) ভালো শুরুর পর ফিরে গেলেও ধাওয়ানকে টলানো যায়নি। তারপরই ভারতের সর্বকালের সেরা ওপেনার গাভাসকার বলেছেন, 'আইপিএলের শুরু থেকেই দুর্দান্ত ফর্মে রয়েছে ধাওয়ান। ধারাবাহিকভাবে রান করে চলেছে। কিন্তু ধারাবাহিকতা ক্রিকেটারদের অনেকসময় আত্মতুষ্ট করে ফেলে। তবে ধাওয়ানের ক্ষেত্রে এখনও সেরকম কিছু চোখে পড়েনি। ওর শটগুলি দেখুন। অহেতুক ঝুঁকি নয়, প্রোপার ক্রিকেটিং শট খেলছে ধাওয়ান।'

টেস্ট র‍্যাংকিংয়ের শীর্ষে ভারত

দুবাই, ৩ মে : আইসিসির টেস্ট র‍্যাংকিংয়ে শীর্ষস্থান ধরে রেখেছে ভারত। তবে সোমবার প্রকাশিত ওয়ান ডে র‍্যাংকিংয়ে একধাপ নেমে তিন নম্বরে চলে গিয়েছেন বিরাট কোহলিরা। টি২০ ক্রিকেটে অবশ্য দুই নম্বরেই রয়েছে ভারত। ওডিআই র‍্যাংকিংয়ে শীর্ষে থাকা ইংল্যান্ড চার নম্বরে নেমে গিয়েছে। শীর্ষে উঠে এসেছে নিউজিল্যান্ড, দুইয়ে অস্ট্রেলিয়া। অন্যদিকে, টি২০ র‍্যাংকিংয়ে অবশ্য শীর্ষে ইয়োন মরগ্যানরা, তিনে কেন উইলিয়ামসনের নিউজিল্যান্ড। র‍্যাংকিং পয়েন্ট নির্ধারণের ক্ষেত্রে ২০১৭-'১৮ মরশুমের ফল বাদ পড়ায় বিভিন্ন ফর্ম্যাটের তালিকায় বদল হয়েছে বলে আইসিসি সূত্রে খবর।

থিসারার অবসর

কলম্বো, ৩ মে : আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার কথা ঘোষণা করলেন শ্রীলঙ্কার অলরাউন্ডার থিসারা পেরেরা। ৩২ বছর বয়সি এই তারকা ক্রিকেটের তিন ফর্ম্যাটেই দেশের প্রতিনিধিত্ব করেছেন। আন্তর্জাতিক কেরিয়ারে ৬টি টেস্ট, ১৬৬টি ওডিআই এবং ৮৪টি টি২০ ম্যাচ খেলেছেন থিসারা। সবমিলিয়ে ৮,১১০ রান করার পাশাপাশি ২৩৭টি উইকেট নিয়েছেন। ২০১৪ সালে টি২০ বিশ্বকাপজয়ী শ্রীলঙ্কা দলের অন্যতম প্রধান সদস্য এই অলরাউন্ডার আইপিএলেও অংশ নিয়েছেন। তিনি জানিয়েছেন, লঙ্কা প্রিমিয়ার লিগে জাফনা স্ট্যালিয়ন্সের হয়ে খেলা চালিয়ে যাবেন।

হাফিজের চুক্তি

করাচি,৩ মে : সিনিয়ার ব্যাটসম্যান মহম্মদ হাফিজকে নতুন চুক্তিপত্র দেওয়ার পরিকল্পনা রয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ডের। গত বছর ওয়াহাব রিয়াজ, শোয়েব মালিক ও মহম্মদ আমিরের পাশাপাশি হাফিজকে সেন্ট্রাল কনট্রাক্ট থেকে বাদ দেয় পিসিবি। এরপর চলতি বছরের শুরুতে হাফিজকে স্বল্প মেয়াদের চুক্তি করার সিদ্ধান্ত নিয়েছিল বোর্ড। কিন্তু 'সি' ক্যাটিগোরির ওই চুক্তিতে সই করতে রাজি হননি তিনি। নতুন চুক্তিতে তাঁকে উপরের ক্যাটিগোরিতে রাখা হতে পারে বলে মনে করা হচ্ছে। তবে বাকি তিন সিনিয়ার ক্রিকেটারের সঙ্গে নতুন চুক্তির কোনও পরিকল্পনা নেই বোর্ডের।

সাহায্যের হাত

মেলবোর্ন, ৩ মে : করোনাকালে ভারতের পাশে ক্রিকেট অস্ট্রেলিয়া। এদেশে করোনা মোকাবিলার উদ্দেশ্যে গঠিত ইউনিসেফের তহবিলে ৫০ হাজার অস্ট্রেলিয়ান ডলার দান করেছে অজি ক্রিকেট বোর্ড। পাশাপাশি এই তহবিলে অর্থসাহায্যের জন্য বোর্ডের তরফে সোশ্যাল মিডিয়ায় আবেদন জানানো হয়েছে। এর আগে দুই অজি তারকা প্যাট কামিন্স এবং ব্রেট লি ব্যক্তিগতভাবে ভারতে করোনা মোকাবিলায় অর্থ দিয়েছেন। অর্থসাহায্য করার কথা জানিয়েছে অস্ট্রেলিয়ার ক্রিকেট মিডিয়া অ্যাসোসিয়েশনও।

টেলরের চোট

ওয়েলিংটন, ৩ মে : চোটের জন্য অনুশীলনে নামতে পারলেন না কিউয়ি ব্যাটসম্যান রস টেলর। দলীয় সূত্রে খবর, তাঁর কাফ মাসলে চোট রয়েছে। কোচ গ্যারি স্টিড জানিয়েছেন, টেলরের পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের প্রস্তুতি হিসেবে ইংল্যান্ডে দুটি টেস্ট খেলবে নিউজিল্যান্ড। কেন উইলিয়ামসনের অনুপস্থিতিতে দলের সিনিয়ার সদস্য হিসেবে টেলরের দায়িত্ব অনেকটাই। ফলে চোটের জন্য তিনি না থাকলে চাপ বাড়বে কিউয়িদের।

রহস্য-আতঙ্কে মোড়া আইপিএল চলছেই

নাইট শিবিরে করোনা হানা, আক্রান্ত বরুণ ও ওয়ারিয়ার

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ৩ মে : ছিল মামুলি চোট। সেটাই বদলে গেল করোনায়!

অভূতপূর্ব। অভাবনীয়। রহস্যে মোড়াও বটে! যত কাণ্ড এখন কলকাতা নাইট রাইডার্সে।

এমনিতেই দল হিসেবে সময়টা ভালো যাচ্ছে না কেকেআরের। সাত ম্যাচে পাঁচটি হার। সোমবার রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের বিরুদ্ধে ম্যাচও স্থগিত হয়ে গিয়েছে দলের অন্দরে করোনা সংক্রমণের কারণে। সংক্রামিত প্রথম একাদশের রহস্য স্পিনার বরুণ চক্রবর্তী ও এবারের আইপিএলে একটিও ম্যাচ না খেলা পেসার সন্দীপ ওয়ারিয়ার। সরকারিভাবে বরুণ-সন্দীপের করোনা পজিটিভ হওয়ার কথা কেকেআর ও বিসিসিআইয়ের তরফে স্বীকার করে নেওয়া হয়েছে। সঙ্গে আড়াল করা হয়েছে প্যাট কামিন্স ও বেন কাটিংয়ের অসুস্থতার খবর। উত্তরবঙ্গ সংবাদ-এর তরফে আহমেদাবাদে থাকা কেকেআরের অন্দরমহলে খোঁজ নিয়ে জানা গিয়েছে, কামিন্স-কাটিংয়ের যাবতীয় করোনা উপসর্গ রয়েছে। টিম হোটেলে তাঁদের আইসোলেশনেও রাখা হয়েছে। রাতের দিকে তাঁদের রিপোর্ট আসার কথা। জানা গিয়েছে, নাইটদের অন্দরে মোট পাঁচজনের করোনা সংক্রমণের আশঙ্কা করা হচ্ছে। আরসিবির তরফে বরুণ-সন্দীপের দ্রুত আরোগ্য কামনাও করা হয়েছে।

গতকাল মধ্যরাতে প্রথম নাইট রাইডার্সের অন্দরে করোনা সংক্রণের খবর সামনে এসেছিল। কিন্তু সেই সময় কেকেআরের তরফে পুরো বিষয়টি অস্বীকার করা হয়। আজ বেলার দিকে ছবিটা বদলে যায় দ্রুত। চাপে পড়ে কেকেআর-কে স্বীকার করতে হয় বরুণ-সন্দীপের পজিটিভ হওয়ার খবর। তারপরই বিসিসিআইয়ের শীর্ষকর্তারা নিজেদের মধ্যে জরুরি টেলিকনফারেন্স করে আজ ইয়োন মরগ্যান বনাম বিরাট কোহলি ম্যাচ স্থগিতের সিদ্ধান্ত নেন। পরে কবে এই ম্যাচ হবে, রাত পর্যন্ত জানায়নি ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড। ৮ মে দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে পরের ম্যাচ নাইটদের। তার আগে পরিস্থিতি স্বাভাবিক হবে বলে



সন্দীপ ওয়ারিয়ার।

বরুণ চক্রবর্তী।

আশা করছে সব মহলই। পাশাপাশি বিসিসিআইয়ের তরফে মুখ বন্ধ রাখা হলেও বিশেষ সূত্রের খবর, চতুর্দশ আইপিএল বাতিল হওয়ার পথে এগিয়ে চলেছে ক্রমশ। ঘোষণা সময়ের অপেক্ষা। এমন অবস্থার মধ্যেই কেকেআর সিদ্ধান্ত নিয়েছে, দলের প্রতি সদস্যের নিয়মিত করোনা পরীক্ষার। পরিস্থিতি অনুযায়ী এমন সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে ক্রিকেটমহল।

ব্যাঙ্গালোরের দেবদূত পাডিক্কাল, দিল্লির অক্ষর প্যাটেল, কেকেআরের নীতীশ রানা প্রতিযোগিতা শুরুর আগেই করোনা সংক্রামিত হয়েছিলেন। এখন তাঁরা সুস্থ হয়ে মাঠেও নেমে পড়েছেন। এই তিন ক্রিকেটারের করোনা সংক্রামিত হওয়া, দেশজুড়ে করোনা সংক্রমণ সাংঘাতিকভাবে বেড়ে যাওয়ার পর বিসিসিআই বায়ো-বাবলের নিয়ম আরও কঠোর করে দিয়েছিল। ইংল্যান্ডের যে সংস্থা জৈব সুরক্ষা বলয়ের দায়িত্বে রয়েছে, তাদেরও সতর্ক করেছিল সৌরভ গঙ্গোপাধ্যায়ের বোর্ড। বাস্তবে দেখা গেল, সেই নিয়মে ফাঁক ছিল। না হলে জৈব সুরক্ষা বলয়ে থাকার পরও কোনও ক্রিকেটারের করোনা সংক্রামিত হওয়ার ঘটনা নজিরবিহীন। দুবাইয়ে শেষ আইপিএল, বোর্ডের ঘরোয়া প্রতিযোগিতা, দুনিয়ার নানা প্রান্তে বিভিন্ন আন্তর্জাতিক দ্বিপাক্ষিক সিরিজ- কোথাও জৈব সুরক্ষা বলয়ে থেকে করোনা সংক্রমণের ঘটনা ঘটেনি ক্রিকেটারদের।

শাহরুখ খানের দলের অন্দরে এমন ঘটনা ঘটল কীভাবে?

আহমেদাবাদে নাইটদের সংসার থেকে জানা গিয়েছে, দিনদুয়েক আগে কাঁধ ও পায়ের চোটে কাতর বরুণ ও সন্দীপকে গ্রিন করিডরের মাধ্যমে স্ক্যান করাতে নিয়ে যাওয়া হয়েছিল স্থানীয় এক হাসপাতালে। সম্ভবত সেখান থেকেই কেকেআরের দুই ক্রিকেটার করোনা সংক্রামিত হয়েছেন, এমনটাই মনে করছেন নাইটকর্তারা। আজ বিকেলে আহমেদাবাদ থেকে কেকেআরের এক প্রতিনিধি নাম না লেখার শর্তে উত্তরবঙ্গ সংবাদকে বলেন, 'পরিস্থিতি জটিল হয়ে রয়েছে। ক্রিকেটারদের মনের মধ্যে ভয় ঢুকে গিয়েছে। কুঁকড়ে গিয়েছে পুরো দল। পরিস্থিতি সামাল দেওয়ার ব্যাপারে আমরা নিশ্চিত নই এখনও।'

> **"পরিস্থিতি জটিল হয়ে রয়েছে। ক্রিকেটারদের মনের মধ্যে ভয় ঢুকে গিয়েছে। কুঁকড়ে গিয়েছে পুরো দল। পরিস্থিতি সামাল দেওয়ার ব্যাপারে আমরা নিশ্চিত নই এখনও।**
>
> –কেকেআর প্রতিনিধি

নজর হটি, দুর্ঘটনা ঘটি! আইপিএলকে কেন্দ্র করে এক বহুজাতিক সংস্থার বিজ্ঞাপনের জনপ্রিয় ক্যাচলাইন এখন মরগ্যানদের কাছে ঘোরতর বাস্তব। প্রতিযোগিতার আকাশেও কালো মেঘের ঘনঘটা।

এদিন ক্রিকেটারদের সঙ্গে ভিডিও কলে কথা বলেছেন ফ্রাঞ্চাইজি মালিক শাহরুখ খান। ক্রিকেটারদের মানসিকভাবে শক্ত থাকার পাশাপাশি ঘুরে দাঁড়ানোর বার্তাও দিয়েছেন তিনি।

বোর্ডের কোর্টেই বল ঠেলছে ফ্র্যাঞ্চাইজিরা

ফলস পজিটিভ রিপোর্ট, দাবি চেন্নাই শিবিরের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৩ মে : প্রতিযোগিতার মাঝপথে করোনায় হোঁচট!

কলকাতা নাইট রাইডার্স শিবিরে একদিকে যখন সরাসরি করোনার হানা, সংক্রামিত দুই ক্রিকেটার। তখন মহেন্দ্র সিং ধোনির চেন্নাই সুপার কিংসের অন্দরের ছবিটাও অনেকটা এক। সেখানেও করোনার হানা। সংক্রামিত হয়েছেন দলের সিইও কাশী বিশ্বনাথন, বোলিং কোচ লক্ষ্মীপতি বালাজি ও টিম বাসের কর্মচারী সহ মোট তিনজন। করোনা আতঙ্কেই আজ চেন্নাই সুপার কিংসের অনুশীলনও বাতিল হয়েছে।

যদিও গত রাতে সিএসকে শিবিরের এই তিনজনের রিপোর্ট পজিটিভ এলেও আজ সেই রিপোর্ট নেগেটিভ হয়েছে। যার পর ধোনির দলের তরফে 'ফলস করোনা' রিপোর্টের অভিযোগ তোলা হয়েছে। বিসিসিআইয়ের তরফেও সিএসকে-র দাবিকে সমর্থন জানানো হয়েছে। সঙ্গে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের চিকিৎসকদের নিয়ে সিএসকে শিবিরে তৈরি হয়েছে অসন্তোষ। দলের মিডিয়া ম্যানেজার রাসেল রাধাকৃষ্ণন সন্ধ্যার দিকে উত্তরবঙ্গ সংবাদ-কে বলেছেন, 'দলের সবাই সুস্থ রয়েছেন। ফলস করোনা রিপোর্ট নিয়ে অযথ হইচই হচ্ছে।' শুধু তাই নয়, বাকি ফ্র্যাঞ্চাইজিগুলির মতো সিএসকের তরফেও নিয়মিতভাবে ক্রিকেটারদের করোনা পরীক্ষা চালিয়ে যাওয়া হচ্ছে। নতুন করে কারও করোনা সংক্রামিত হওয়ার খবর নেই ধোনির দলে।

কিন্তু কেন এমন অবস্থা হল সিএসকের? ধোনির দলের অন্দরে খোঁজ করে জানা গিয়েছে, পুরো দল এমন ঘটনায় প্রবলভাবে বিরক্ত, অসন্তুষ্ট। জৈব সুরক্ষা বলয়ে থেকে কীভাবে এমন ঘটনা ঘটতে পারে, সেই প্রশ্ন তোলা হয়েছে ধোনির দলের তরফে। সিএসকে কর্তারাও ফলস করোনা রিপোর্ট কীভাবে হল, তার জবাব খুঁজতে ব্যস্ত হয়ে গিয়েছেন। বুধবার রাজধানীর অরুণ জেটলি স্টেডিয়ামে রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ম্যাচ রয়েছে ধোনিদের। তার আগে এখন করোনা থেকে ক্রিকেটে দলের ফোকাস ঘোরাতে মরিয়া ধোনি-স্টিফেন ফ্লেমিংরা। এদিকে, অরুণ জেটলি স্টেডিয়ামের মোট পাঁচজন মাঠকর্মীও করোনা সংক্রামিত হয়েছেন বলে জানা গিয়েছে আজ। এমন খবর নিয়ে তোলপাড় শুরুর পর দিল্লি ডিস্ট্রিক্ট ক্রিকেট সংস্থার প্রধান রোহন জেটলি বলেন, 'যে পাঁচজন মাঠকর্মী করোনা সংক্রামিত হয়েছেন, গত কয়েকদিন ধরে তাঁরা কেউই কাজ করছিলেন না। ছুটিতে ছিলেন।'

> **"যে পাঁচ জন মাঠ কর্মী করোনায় আক্রান্ত হয়েছেন, গত কয়েকদিন ধরে তাঁরা কেউই কাজ করছিলেন না। ছুটিতে ছিলেন।**
>
> –রোহন জেটলি
>
> দিল্লি ডিস্ট্রিক্ট ক্রিকেট সংস্থার প্রধান

করোনা হানার পর চতুর্দশ আইপিএলের আকাশে কালো মেঘ জমাট বেঁধে রয়েছে। প্রতিযোগিতা বাতিল হতে পারে, এমন সম্ভাবনার খবর পাওয়া যাচ্ছে। যদিও সৌরভ গঙ্গোপাধ্যায়ের ভারতীয় বোর্ড এখনই হাল ছাড়ছে না। বরং বোর্ডের তরফে ইঙ্গিত মিলেছে, প্রতিযোগিতা চালিয়ে নিয়ে যাওয়ার। বিসিসিআইয়ের এমন সিদ্ধান্তে সমর্থন রয়েছে সব ফ্র্যাঞ্চাইজিরও। জানা গিয়েছে, চেন্নাই, মুম্বই ইন্ডিয়ান্স, দিল্লি ক্যাপিটালস, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর, কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালস, পাঞ্জাব কিংস, সানরাইজার্স হায়দরাবাদ সব ফ্র্যাঞ্চাইজি কর্তাই মাঝপথে পৌঁছে যাওয়া আইপিএল বন্ধ বা বাতিল হোক, এমনটা চাইছেন না।

পরিস্থিতি যদি আরও খারাপ হয় আগামীদিনে অথবা অন্যান্য ফ্র্যাঞ্চাইজি দলও যদি করোনায় সংক্রামিত হয়, তখন প্রতিযোগিতা বাতিলের কথা ভাবা যাবে, এমনই মনোভাব ফ্র্যাঞ্চাইজি কর্তাদের। আইপিএল নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারটা আপাতত বোর্ডের উপর ছেড়ে দিয়েছেন তাঁরা। মুম্বই দলের এক কর্তা আজ বলেছেন, 'আমরা সবাই সতর্ক রয়েছি। কিন্তু প্রতিযোগিতা বন্ধ করলে সব সমস্যা মিটবে না। বোর্ড নিশ্চিতভাবেই সবদিক বিবেচনা করে সিদ্ধান্ত নেবে।' একইভাবে পাঞ্জাবের এক কর্তা আজ বলেছেন, 'আমাদের মনোভাবের কথা বোর্ডকে জানিয়েছি। বাকি সিদ্ধান্ত নিক বিসিসিআই।'

আজ মুম্বই-হায়দরাবাদ

ঘুরে দাঁড়াতে মরিয়া রোহিত, উইলিয়ামসন

নয়াদিল্লি, ৩ মে : আইপিএল আকাশে ফের করোনার কালো মেঘ।

কলকাতা নাইট রাইডার্সের একাধিক ক্রিকেটার কোভিড পজিটিভ। সোমবারের রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর-কেকেআর ম্যাচ স্থগিত রাখতে হয়েছে। চেন্নাই সুপার কিংস শিবিরেও করোনার হানার খবর নিয়েও চলছে টানাপোড়েন।

টালমাটাল পরিস্থিতি সানরাইজার্স হায়দরাবাদেও। কারণটা অবশ্য আলাদা। একদিকে টানা হার, অপরদিকে ডেভিড ওয়ার্নার ইস্যু। জোড়া চাপে হাঁসফাঁস হাল। এহেন পরিস্থিতিতে আগামীকাল মুম্বই ইন্ডিয়ান্স ম্যাচ দিয়ে দ্বিতীয় লেগের খেলা শুরু করছে অরেঞ্জ ব্রিগেড।

সাত ম্যাচে মুম্বই চারটিতে জিতে চার নম্বরে। সমসংখ্যক ম্যাচে হায়দরাবাদের জয় মাত্র একটিতে। ষষ্ঠ খেতাবের লক্ষ্যে নামা মুম্বই বদ্ধপরিকর নড়বড়ে প্রতিপক্ষের পুরোদস্তুর সুযোগ নিতে। প্রথম সাক্ষাৎকারে উত্তেজক ম্যাচে ১৩ রানে তারা জিতেছিল। ১৫১-র জয়লক্ষ্যে খেলতে নেমে ওয়ার্নার ব্রিগেড আটকে যায় ১৩৭-এ।

আগামীকাল অবশ্য সানরাইজার্স নামবে উইলিয়ামসনের নেতৃত্বে। নেতৃত্ব হারানো ওয়ার্নারের প্রথম একাদশে থাকা নিয়েও অনিশ্চয়তা। কোচ ট্রেভর বেইলিসের যা ইঙ্গিত, তাতে গত রাজস্থান ম্যাচের মতো ওয়ার্নারহীন প্রথম একাদশকেই সম্ভবত আগামীকাল দেখা যাবে। অর্থাৎ বিদেশি কোটায় উইলিয়ামসন, বেয়ারস্টো এবং দুই আফগান মহম্মদ নবি, রশিদ খান।

ওয়ার্নার না থাকলে নিঃসন্দেহে অ্যাডভান্টেজ জসপ্রীত বুমরাহ-ট্রেন্ট বোল্টদের। হায়দরাবাদ ব্যাটিং এমনিতেই ধুঁকছে। রাজস্থানের বিরুদ্ধে রবিবার সহজ পিচেও চূড়ান্ত ব্যর্থ তারা। হাল ধরতে ওয়ার্নারের মতো একজনকে দরকার, তা পরিষ্কার। কিন্তু টিম ম্যানেজমেন্ট বনাম ওয়ার্নার সংঘাত কতটা গভীরে, তার ওপরই মূলত অনেক কিছু নির্ভর করবে।

মুম্বই ক্রমশ চেনা মেজাজে। 'স্টার্টিং প্রোবলেম' কাটিয়ে ছন্দে ফিরছে। চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে অবিশ্বাস্য জয় পারদ কয়েকগুণ বাড়িয়েছে। নায়ক কায়রন পোলার্ড। 'মিঃ টি২০'-র ৩৪ বলে ৮৭ রানের ঝোড়ো ইনিংসের সামনে টেকেনি চেন্নাইয়ের ২১৮ রান। অপেক্ষা শুধু হার্দিক পান্ডিয়ার ফর্মে ফেরার, যা হলে ভুবনেশ্বর কুমার, রশিদ খান, খলিল আহমেদদের চ্যালেঞ্জ আরও কঠিন।

রোহিত শর্মা রান পাচ্ছেন। তবে লম্বা ও বিধ্বংসী যে ব্যাটিংয়ের জন্য পরিচিত, তা এখনও পর্যন্ত দেখা যায়নি চলতি আইপিএলে। গত ম্যাচে চেন্নাই বধে ৭১ রানের ওপেনিং পার্টনারশিপ করেছিলেন কুইন্টন ডি'ককের সঙ্গে। তবে রোহিতকে নিয়ে দল ও সমর্থকদের প্রত্যাশা পূরণ হলে খেতাবের দৌড়ে আরও টগবগিয়ে ছুটবে মুম্বই এক্সপ্রেস। বোলিং বরাবরই তুরুপের তাস মুম্বইয়ের। বুমরাহ, বোল্ট, রাহুল চাহাররা কম রানের পুঁজিতে ম্যাচ জেতাচ্ছেন। যেমনটা জিতিয়েছেন হায়দরাবাদের বিরুদ্ধে গত সাক্ষাতে।

টুর্নামেন্ট যত এগোয়, মুম্বই তার সেরা খেলাটা বের করে আনে। পাঁচবার খেতাব জয়ের মূল রহস্য যা। আর আগামীকাল পুরো ২ পয়েন্ট নিশ্চিতভাবেই পাখির চোখ রোহিতদের। হায়দরাবাদের জন্য যে ২ পয়েন্ট প্লে-অফের লক্ষ্যটাকে টিকিয়ে রাখার রসদ। সানরাইজার্স শেষ পাঁচবারই প্লে-অফে জায়গা করে নিয়েছে। গতবার দ্বিতীয় লেগে দুর্দান্ত কামব্যাকে সবাইকে অবাক করেছিল। তবে সেই প্রত্যাবর্তনের দুই নায়কের একজন ওয়ার্নারকে নিয়ে বিতর্কে জেরবার দল। দ্বিতীয় নায়ক ঋদ্ধিমান সাহার জায়গা আপাতত ডাগআউটে।

বেইলিসদের জন্য আশার আলো বলতে রশিদ খান। রবিবার রাজস্থান ম্যাচে দলের চূড়ান্ত ফ্লপ শোয়ের মাঝেও আফগান লেগি ছিলেন ব্যতিক্রম। রাজস্থানের সেঞ্চুরিকারী জস বাটলারও বলে দেন, রশিদের ওভারগুলি নিয়ে সতর্ক ছিলেন। টার্গেট করেন বাকিদের। রোহিতদের তেমন কোনও স্ট্র্যাটেজি থাকলে অবাক হওয়ার থাকবে না।

হেড টু হেড

ম্যাচ-১৭

মুম্বই ইন্ডিয়ান্স-৯

সানরাইজার্স হায়দরাবাদ-৮

সম্ভাব্য একাদশ

মুম্বই ইন্ডিয়ান্স

রোহিত শর্মা (অধিনায়ক), কুইন্টন ডিকক, সূর্যকুমার যাদব, ক্রুনাল পান্ডিয়া, কায়রন পোলার্ড, হার্দিক পান্ডিয়া, জিমি নিশাম, ধবল কুলকার্নি, রাহুল চাহার, জসপ্রীত বুমরাহ, ট্রেন্ট বোল্ট।

হায়দরাবাদ

মণীশ পান্ডে, জনি বেয়ারস্টো, কেন উইলিয়ামসন (অধিনায়ক), বিজয় শঙ্কর, কেদার যাদব, মহম্মদ নবি, আব্দুল সামাদ, রশিদ খান, ভুবনেশ্বর কুমার, সন্দীপ শর্মা, খলিল আহমেদ।

মুম্বই শিবির

২৫০ রান : রোহিত শর্মা

১১ উইকেট : রাহুল চাহার

হায়দরাবাদ শিবির

২৪৮ রান : জনি বেয়ারস্টো

১০ উইকেট : রশিদ খান

ম্যাচ শেষে খুনশুটি পৃথ্বী, অক্ষর, হেটমেয়ারদের।

সিরিজ শ্রীলঙ্কার

পাল্লেকেলে, ৩ মে : চতুর্থ দিনের শেষেই শ্রীলঙ্কার জয় প্রায় নিশ্চিত হয়ে গিয়েছিল। সোমবার বাংলাদেশকে ২০৯ রানে হারিয়ে দ্বিতীয় টেস্ট তথা সিরিজ জিতলেন দিমুথ করুণারত্নেরা। এদিন ৫ উইকেটে ১৭৭ রান নিয়ে খেলা শুরুর পর শ্রীলঙ্কার সমর্থকরা অপেক্ষায় ছিলেন, কত তাড়াতাড়ি করুণারত্নেরা জয় তুলে নিতে পারে। অভিষেককারী প্রবীণ জয়াবিক্রমা (৮৬/৫) ও রমেশ মেন্ডিস (১০৩/৪)-এই দুই স্পিনারের দাপটে শ্রীলঙ্কান ফিল্ডারদের ঘণ্টাখানেকের বেশি মাঠে থাকতে হয়নি। মেহেদি হাসান মিরাজ (৩৯) কিছুটা লড়াই করলেও সেটা একেবারেই যথেষ্ট ছিল না। বাংলাদেশ দ্বিতীয় ইনিংসে ২২৭ রানে গুটিয়ে যায়। দুই ইনিংস মিলিয়ে ১১ উইকেট নেওয়ায় ম্যাচের সেরার পুরস্কারের জন্য ২২ বছরের বাঁহাতি স্পিনার জয়াবিক্রমা ছাড়া দ্বিতীয় কারও নাম ভাবার দরকার পড়েনি।



করোনার জন্য কোর্টে ফেরা নিয়ে অনিশ্চয়তা, তবু শরীরচর্চায় খামতি নেই রাফায়েল নাদালের।

দুঃস্থ ক্রিকেটারের পাশে আজহার

গেইলকে ক্যাপ্টেন চান জাদেজা

নয়াদিল্লি, ৩ মে : অসুস্থ লোকেশ রাহুলের পরিবর্তে নেতৃত্বের ভার আপাতত মায়াঙ্ক আগরওয়ালের কাঁধে। দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে নতুন দায়িত্বে দলের সর্বোচ্চ রান করে 'লিডিং ফ্রম দ্য ফ্রন্ট'-এর নমুনাও রেখেছেন। দল হারলেও, প্রশংসা কুড়িয়েছে মায়াঙ্কের বিস্ফোরক ৯৯ রানের ইনিংস। তবে পাঞ্জাব কিংসের অধিনায়কত্বের প্রশ্নে অজয় জাদেজার অবস্থান ভিন্ন। লোকেশের বিকল্প হিসেবে তাঁর পছন্দ ক্রিস গেইল। প্রাক্তন ভারতীয় তারকার মতে, ভাগ্য ফেরাতে হলে গেইলের হাতেই নেতৃত্ব দেওয়া উচিত পাঞ্জাবের।

জাদেজার যুক্তি, 'ভাগ্যের চাকা ঘোরাতে এই মুহূর্তে স্পেশাল কিছু করা জরুরি পাঞ্জাবের। মায়াঙ্কের নির্বাচন নিয়ে আমার কোনও অসুবিধা নেই। কিন্তু বর্তমানে ওরা লিগে যে জায়গায় দাঁড়িয়েছে, সেখানে আউটসাইড চান্স নিতে হবে। এর জন্য অধিনায়ক হিসেবে গেইলই যথাযথ বলে আমার ধারণা। ভুলভ্রান্তি খেলার অঙ্গ। কিন্তু বাড়তি দায়িত্ব পেয়ে কে বলতে পারে গেইল ঝড় সবকিছু লন্ডভন্ড করে দেবে না।'

এদিকে, সমস্যায় জর্জরিত বিহারের ক্রিকেটারের পাশে দাঁড়ালেন মহম্মদ আজহারউদ্দিন। বছর কুড়ির প্রশান্ত সিংয়ের আর্থিক সমস্যার কথা কানে আসার পর সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। ২৫ হাজার টাকা পাঠিয়েছেন প্রশান্তকে। তবে এ ব্যাপারে কোনও কৃতিত্ব নিতে নারাজ আজহার। জানিয়েছেন, বিষয়টি নিয়ে প্রচারের একদম পক্ষপাতী নন।

প্রশান্ত অবশ্য বলেছেন, 'আজহার স্যর ও আদিত্য ভার্মা, দুজনের কাছেই আমি কৃতজ্ঞ। ভাই কিছুদিন আগে কোভিডে সংক্রামিত হয়। এখন সুস্থ। তবে চিকিৎসার জন্য অনেক খরচ করতে হয়েছে। মাও অসুস্থ। সমস্যার মধ্যে ছিলাম। তবে এখনও বিশ্বাস হচ্ছে না এত বড় একজন কিংবদন্তি আমাকে সাহায্য করেছেন।' প্রসঙ্গত, ২০১৯-'২০ মরশুমে বিহারের হয়ে অনূর্ধ্ব-২৩ ক্রিকেট খেলেন প্রশান্ত। কিন্তু প্রাপ্য অর্থ এখনও না পাওয়ায় সমস্যায় পড়ে গিয়েছিলেন।

বিসিসিআইকে অনুদানের ডাক ললিত মোদির

নয়াদিল্লি, ৩ মে : কঠিন সময়ে করোনার বিরুদ্ধে লড়াইয়ে সামিল হোক ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড। শেষ ও চলতি আইপিএল থেকে আয় হওয়া অর্থের অন্তত ১০ শতাংশ বিসিসিআই তুলে দিক দেশের করোনা যুদ্ধে।

যা নিয়ে এখনও কিছুই করেননি সৌরভ গঙ্গোপাধ্যায়, জয় শা-রা। লন্ডনে বসে আজ এভাবেই বিসিসিআইকে করোনা যুদ্ধে অনুদানের ডাক দিয়েছেন ললিত মোদি। বিসিসিআইয়ের প্রাক্তন সহ সভাপতি তথা আইপিএল গভর্নিং কাউন্সিলের প্রধানের হিসেব অনুযায়ী বিসিসিআইয়ের উচিত অন্তত ৭০০-৮০০ কোটি টাকার অনুদান দেওয়া।

ললিত আজ বলেন, 'আইপিএলের আয়ের অন্তত ১০ শতাংশ অনুদান দেওয়ার অঙ্গীকার করুক বিসিসিআই। দেশের করোনা যুদ্ধে এখনও কিছু করেনি ওরা। কিন্তু এবার সময় এসেছে।' মোদির হিসেব অনুযায়ী ২০২০ ও ২০২১ সালের আইপিএল থেকে অন্তত ৭০০-৮০০ কোটি টাকা অনুদান অনায়াসে দিতে পারবে বোর্ড।

রাজস্থানে যোগ দেওয়া হচ্ছে না ডুসেনের

নয়াদিল্লি, ৩ মে : জোফ্রা আর্চার, বেন স্টোকস, অ্যান্ড্রু টাই ও লিয়াম লিভিংস্টোন সরে যাওয়ায় চলতি আইপিএলে স্কোয়াডে মাত্র চার বিদেশি রয়েছে রাজস্থান রয়্যালসের। সেই সমস্যা কাটাতে দক্ষিণ আফ্রিকার ব্যাটসম্যান রাসি ভ্যান ডার ডুসেনকে নেওয়ার চিন্তাভাবনা করেছিল রাজস্থান শিবির। কিন্তু ক্রিকেট দক্ষিণ আফ্রিকা (সিএসএ) নো-অবজেকশন সার্টিফিকেট (এনওসি) না দেওয়ায় রাজস্থানে যোগ দেওয়া হচ্ছে না ডুসেনের। অথচ ভারতে আসার ভিসা পেয়ে গিয়েছিলেন প্রোটিয়া ব্যাটসম্যান। তবে এর আগে চোট পেয়েছিলেন ডুসেন। সেই চোট যাতে না বাড়ে সেইজন্য প্রোটিয়া ক্রিকেট বোর্ড ৩২ বছরের ডুসেনকে আইপিএলের জন্য এনওসি দেয়নি। ইংরেজ অলরাউন্ডার বেন স্টোকসের বদলে দলের আসার কথা ছিল ডুসেনের।

ডুসেনকে না পেলেও ইংল্যান্ডের ব্যাটসম্যান লিভিংস্টোনের পরিবর্তে গোলাপি শিবিরে যোগ দিয়েছেন দক্ষিণ আফ্রিকার পেসার জেরাল্ড কোয়েটজি। ২০ বছরের এই বাঁহাতি পেসার কোয়ারান্টিন পর্ব শেষ করে শনিবার থেকে অনুশীলনে যোগ দিয়েছেন।